



গতকাল (বৃহস্পতিবার) সারা দেশে এসএসসি পরীক্ষা শুরু হইয়াছে। ছবিতে রাজধানীর একটি পরীক্ষা কেন্দ্রে প্রবেশের পূর্বে মুহূর্তে জনৈক ছাত্র শেষবারের মত নোট দেখিয়া লইতেছে। পাশে তাহার মাকে দেখা যাইতেছে।
—ইন্ডেক্স

এস এস সি পরীক্ষা কোম অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায় নাই

(ইন্ডেক্স রিপোর্ট)

গতকাল (বৃহস্পতিবার) সারা দেশে ১৯৮১ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা শুরু হইয়াছে। মহানগরীসহ ঢাকা জেলার বিভিন্ন কেন্দ্রে প্রথম দিনের পরীক্ষা সুষ্ঠু পরিবেশে অনুষ্ঠিত হইয়াছে বলিয়া কতৃপক্ষীয় সূত্রে জানা যায়। দেশের অন্যান্য এলাকায় পরীক্ষায় কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায় নাই।

প্রথমদিনে বাংলা প্রথম ও দ্বিতীয়পত্র পরীক্ষার সময় অসদুপায় অবলম্বনের অভিযোগে নগরীসহ জেলার তিনটি কেন্দ্রে হইতে ১জন মহিলা পরীক্ষার্থীসহ মোট ৫জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে। ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের সহিত
(৮ম পৃঃ ৫ এর কঃ পৃঃ)

এস এস সি পরীক্ষা

(১ম পৃঃ পর)

যোগাযোগ করিয়া এই তথ্য জানা যায়।

প্রশ্নপত্র ফাঁস হইবার ব্যাপারে রটনা সম্পর্কে তিনি বলেন যে, তেমন কোন ঘটনার প্রমাণ পওয়া যায় নাই, তদুপরি আগে হইতেই এরকম পরিস্থিতি নিয়ন্ত্রণের জরুরি কড়াকড়ি ব্যবস্থা ও বিকল্প পদ্ধতি প্রয়োগের ব্যবস্থা রহিয়াছে, তাই আশঙ্কায় কোন কারণ নাই।

ঢাকার জেলা প্রশাসকের সহিত গত রাতে যোগাযোগ করা হইলে তিনি জানান যে, জেলার সর্বত্র শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা শুরু হইয়াছে বলিয়া দায়িত্বপ্রাপ্ত ডিভিভেনস টিম বিভিন্ন এলাকার পরীক্ষা কেন্দ্রে পরিদর্শন শেষে তাহাকে জানান হইয়াছেন। প্রশ্নপত্র ফাঁসের ঘটনার ব্যাপারেও জেলা প্রশাসন কোন তথ্য লাভ করে নাই।

দেশের সকল পরীক্ষা কেন্দ্রে চতুর্দিকে ১৪৬ ঘণ্টা জারি রহিয়াছে।

ইন্ডেক্সের দাউদকান্দি সংবাদদাতা জানান, দাউদকান্দি কেন্দ্রে এক মাসের ৪ জন সন্তান বাণিজ্য শাখায় পরীক্ষা দিতেছে। তাহারা হইতেছে—শিখী, প্রদীপ, সঞ্জয় ও অজয়। ৪ জনই নিয়মিত পরীক্ষার্থী।

453